

ক্যাডেটদের জনকল্যাণে কাজ করার আহ্বান রাষ্ট্রপতির

সিলেট অফিস >

রাষ্ট্রপতি আবদুল হামিদ দেশের জনগণের কল্যাণে মেধা, জ্ঞান ও দক্ষতা কাজে লাগানোর জন্য প্রাক্তন ক্যাডেটদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, 'আপনাদের প্রতি জাতির প্রত্যাশা মেধা, জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে অব্যাহতভাবে কাজ করে যাবেন।'

গতকাল শনিবার বিকেলে সিলেট ক্যাডেট কলেজে যাঠে ওল্ড ক্যাডেট অ্যাসোসিয়েশন অব সিলেটের (ওকাস) সপ্তম পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল দেশকে সোনার বাংলায় পরিণত করা। সে লক্ষ্যে সরকার 'ভিশন ২০২১' ও 'ভিশন ২০৪১' গ্রহণ করেছে। এই ভিশন বাস্তবায়নে এক্ষ ক্যাডেটরা অবদান রাখতে পারেন।'

রাষ্ট্রপতি বলেন, 'প্রত্যেক মানুষের উন্নয়নের জন্য সেবা ও আত্মত্যাগের সুমহান দায়িত্ব নিয়ে এক্ষ ক্যাডেটদের দেশ ও জাতির জন্য ইতিবাচক ভূমিকা রাখতে হবে। এক্ষ ক্যাডেট অ্যাসোসিয়েশন নানাবিধ সমাজসেবামূলক কাজ করেছে, যা প্রশংসনীয়।'

রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন, 'প্রাক্তন ক্যাডেটরা সমাজে স্ব-স্ব অবস্থানে সাক্ষরতার পরিচয় দিয়ে চলেছেন। বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে প্রতিবছর অধিকাংশ ক্যাডেট যোগদান করে দেশ ও দেশের বাইরে, বিশেষ করে জাতিসংঘ, শান্তিরক্ষা বাহিনীতে দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করে দেশের জন্য গৌরব বয়ে আনছেন।'

রাষ্ট্রপতি বলেন, 'আমি মনে করি, যারা ক্যাডেট কলেজে লেখাপড়া করার সুযোগ পায়, তারা খুবই ভাগ্যবান। আগ্রহ ও সামর্থ্য থাকা সত্ত্বেও কঠিন প্রতিযোগিতার কারণে অনেক শিক্ষার্থী ক্যাডেট কলেজে ভর্তি হওয়ার সুযোগ পায় না। তিনি বলেন, 'শিক্ষকরা হলেন মানুষ গড়ার কারিগর। আমার বিশ্বাস তরুণ ক্যাডেটরা আপনাদের ঘনিষ্ঠ সাহচর্যে থেকে ইতিবাচক ভূমিকা রাখতে সক্ষম হবে।'

অনুষ্ঠানে বক্তব্য দেন সিলেট ক্যাডেট কলেজের অধ্যক্ষ কমান্ডার মো. সাইফুর রহমান এবং ওকাস সভাপতি শাহনুর আলম। রাষ্ট্রপতি ক্যাডেটদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধের একটি ভিসনে প্রত্যক্ষ করেন।